# তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা

## কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# মুখবন্ধ

বর্তমান সরকার ঘোষিত রূপকল্প ২০২১ অনুযায়ী জনগণের পুষ্টি চাহিদা পূরণ ও খাদ্যে আত্মনির্ভরশীলতা অর্জনের লক্ষ্যে কৃষি ভিত্তিক কার্যক্রমের যথাযথ বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয় প্রায়োগিক ও নীতিগত সহযোগিতা প্রদান করে থাকে। আমাদের অর্থনীতির একটি মূল ভিত্তি হল কৃষি ভিত্তিক কার্যক্রম। দেশের শতকরা ৪৭.৩০ শতাংশ লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির সাথে জড়িত। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে এ মন্ত্রণালয় কৃষি সম্প্রসারণ ও প্রশিক্ষণ, কৃষি গবেষণা, মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ ও বিতরণ, মৃত্তিকা জরীপ, কৃষি পণ্যের বিপণন, লাগসই প্রযুক্তি উদ্ভাবনসহ সেচ ব্যবস্থার উন্নয়নে এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর ও সংস্থার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে থাকে। মন্ত্রণালয় মনে করে যে, প্রত্যাশী ও সুবিধাভোগী জনগণ সহজ ও স্বচ্ছন্দভাবে প্রয়োজনানুগ তথ্য পেলে আরো বেশী উপকৃত হবেন। অপরপক্ষে এর দ্বারা মন্ত্রণালয়ের কাজকর্মের জবাবদিহিতাও নিশ্চিত হবে। তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর হওয়ার মধ্যদিয়ে প্রথমবারের মত জনগণের এ সকল তথ্য পাওয়ার আইনগত অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। তথ্য প্রবাহ অবাধ করার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় **"তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা"** প্রণয়ন করেছে।

আশা করি এ নির্দেশিকার আলোকে জনগণ সহজেই কৃষি মন্ত্রণালয় হতে তথ্য সংগ্রহ করতে পারবেন এবং এর ফলে মন্ত্রণালয়ের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

সচিব
কৃষি মন্ত্রণালয়

## ১। পটভূমি

সরকারি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "তথ্য অধিকার আইন, ২০০৯" (২০০৯ সনের ২০ নং আইন) প্রণয়ন করেছে। এ আইনের অধীনে বিধিমালা ও প্রবিধানও প্রণীত হয়েছে। এরই ধারাবাহিকতায় কৃষি মন্ত্রণালয় জনগণের তথ্য প্রাপ্তির সুবিধার্থে এ নির্দেশিকা প্রকাশ করছে। এর ফলে প্রত্যাশী জনসাধারণ সহজেই তথ্য আহরণ প্রক্রিয়া জানতে এবং অধিকার মোতাবেক প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন।

## ২। তথ্য চাওয়ার ক্ষেত্রে সচরাচর যে সকল প্রশ্ন করা হয়ঃ

(১) আমি কিভাবে প্রত্যাশিত তথ্য পেতে পারি?

উঃ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৩ এ বর্ণিত ফরম 'ক' (ক্লিক করুন) ব্যবহার করে তথ্যের জন্য সরাসরি বা ই-মেইলের মাধ্যমে মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন।

আবেদনে আবশ্যিকভাবে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(ক) অনুরোধকারীর নাম ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;
(খ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
(গ) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;
(ঘ) কোন্ পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

(২) এ বিষয়ে মন্ত্রণালয়ের দয়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী কি জানতে পারি?

উঃ হ্যাঁ, বর্তমানে কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও ঠিকানাঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ

| | |
|---|---|
| কর্মকর্তার নাম: | Md. Amirul Islam *<br>মো: আমিরুল ইসলাম |
| পদবী: | উপসচিব (প্রশাসন-৪ অধিশাখা) |
| ফোন: | ৯৫৪৫০৮১ |
| ই-মেইল: | dsadmin4@moa.gov.bd |
| ওয়েবসাইট: | www.moa.gov.bd |
| ঠিকানা: | ভবন নং # ০৪, কক্ষ নং-৪৩১ (৫ম তলা), কৃষি মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ | |
| কর্মকর্তার নাম: | Md. Asaduzzaman *<br>মোঃ আসাদুজ্জামান |
| পদবী: | উপসচিব (সম্প্রসারণ-২ অধিশাখা) |
| ফোন: | ৯৫৪০০৪০ |
| ই-মেইল : | dsexten2@moa.gov.bd |
| ওয়েবসাইট: | www.moa.gov.bd |
| ঠিকানা: | ভবন নং # ০৪, কক্ষ নং-৫১৮(ক) (৬ষ্ঠ তলা),<br>কৃষি মন্ত্রণালয়,<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। |

* দায়িত্ব প্রাপ্ত ও বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হতে পারে।

(৩) আমি কী কী তথ্য পেতে পারি?

উঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৬ অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক জনস্বার্থে গৃহীত সকল সিদ্ধান্ত, সম্পাদিত ও চলমান উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি পেতে পারেন।

(৪) আমি কি যে কোন তথ্যের জন্য আবেদন করতে পারি?

উঃ না। নিম্নবর্ণিত তথ্যগুলো ছাড়া অন্যান্য তথ্যের জন্য আপনি আবেদন করতে পারেনঃ

ক। কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য;

খ। পররাষ্ট্রনীতির কোন বিষয় যার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হতে পারে এরূপ তথ্য;

গ। কোন বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

ঘ। কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

ঙ। কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য;

চ। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে এরূপ তথ্য;

ছ। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;

জ। আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;

ঝ। তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

ঞ। আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;

ট। কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

ঠ। কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

ড। জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য;

ঢ। কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

ণ। পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

ত। মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য; তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যে সকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে সে সংক্রান্ত তথ্য দেয়া যাবে।

(৫) তথ্যের জন্য কোন চার্জ বা ফি দিতে হবে কি? যদি দিতে হয়, তা কিরূপ?

উঃ হ্যাঁ। নিম্নলিখিত হারে চার্জ বা ফি প্রদান করতে হবেঃ

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২(দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে;<br><br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে তার প্রকৃত মূল্য। |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |

(৬) তথ্য প্রাপ্তির জন্য কত সময় লাগতে পারে?

উঃ (ক) তথ্যের জন্য অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০(বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করা হবে।

(খ) অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করা হবে।

(গ) কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে তা অনুরোধকারীকে অবহিত করা হবে।

(৭) নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য না পেলে বা প্রাপ্ত তথ্য সন্তোষজনক না হলে কী করব?

উঃ নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য না পেলে কিংবা প্রাপ্ত তথ্য সন্তোষজনক না হলে কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ফরম 'গ' তে (ক্লিক করুন) ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।

কৃষি মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষের বিবরণ নিম্নরূপঃ

| | |
|---|---|
| আপীল কর্তৃপক্ষ: | সচিব |
| ফোন: | ৯৫৪০১০০ |
| ই-মেইল: | secretary@moa.gov.bd |
| ওয়েবসাইট: | www.moa.gov.bd |
| ঠিকানা: | ভবন নং # ০৪, কক্ষ নং-৫৩৬ (৬ষ্ঠ তলা)<br>কৃষি মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। |

আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে নিষ্পত্তি করবেন।

(৮) মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে কিভাবে প্রতিকার পেতে পারি?

উঃ আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১ এর প্রবিধান ৩(১) এ বর্ণিত 'ক' ফরম (ক্লিক করুন) এ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৫ ধারা মোতাবেক তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন।

(৯) তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্য বলতে কি বুঝায়?

উঃ তথ্য-অর্থে কৃষি মন্ত্রণালয়ের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত লগ বহি, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা উহাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

(১০) কোন কারণে তথ্য না দিলে তা কত দিনের মধ্যে জানতে পারবো?

উঃ ১০ কার্য দিবসের মধ্যে।

(১১) তথ্য প্রদান ইউনিট বলতে কাকে বুঝাবে?

উঃ কৃষি মন্ত্রণালয়কে বুঝাবে।

(১২) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার তথ্য কিভাবে পেতে পারি?

উঃ প্রতিটি দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রয়েছেন। নির্ধারিত ফরমে তাঁর নিকট আবেদন করে তথ্য পেতে পারেন।

## ফরম 'ক'
## তথ্য প্রাপ্তির আবেদনপত্র
## [তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৩ দ্রষ্টব্য]

বরাবর
-----------------------------------,
----------------------------------- (নাম ও পদবী)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
----------------------- (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম ঃ .............................................
পিতার নাম ঃ .............................................
মাতার নাম ঃ .............................................
বর্তমান ঠিকানা ঃ .............................................
স্থায়ী ঠিকানা ঃ .............................................
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল নম্বর (যদি থাকে) ঃ .............................................

২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) ঃ .............................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) ঃ .............................................

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ .............................................

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা ঃ .............................................

আবেদনের তারিখ ঃ ............................................................

আবেদনকারীর স্বাক্ষর

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

**ফরম 'খ'**
**[বিধি ৫ দ্রষ্টব্য]**
**তথ্য সরবরাহের অপারগতার নোটিশ**

আবেদনপত্রের সূত্র নম্বরঃ                                        তারিখঃ ....................................

প্রতি
আবেদনকারীর নামঃ ............................................
ঠিকানা ঃ ............................................

**বিষয়ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।**

প্রিয় মহোদয়,

আপনার ............................................ তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হল না, যথাঃ-

১। ........................................................................................................................
........................................................................................................;

২। ........................................................................................................................
........................................................................................................;

৩। ........................................................................................................................
........................................................................................................;

(................................)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ
পদবীঃ
দাপ্তরিক সীল

## ফরম 'গ'
## আপীল আবেদন
[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য]

**বরাবর**

-----------------------------------,

----------------------------------- (নাম ও পদবী)

ও

আপীল কর্তৃপক্ষ,

----------------------- (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) ঃ ..............................................

২। আপীলের তারিখ ঃ ..............................................

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে উহার কপি (যদি থাকে) ঃ ..............................................

৪। যার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) ঃ ..............................................

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ ঃ ..............................................

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হওয়ার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) ঃ ..............................................

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি ঃ ..............................................

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন ঃ ..............................................

৯। অন্য কোন তথ্য যা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন। ঃ ..............................................

আবেদনের তারিখ ঃ ......................................................

_______________________
আবেদনকারীর স্বাক্ষর

2

## ফরম 'ক'
## অভিযোগ দায়েরের ফরম
[তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিস্পত্তি সংক্রান্ত) প্রবিধিমালার প্রবিধান ৩(১) দ্রষ্টব্য]

**বরাবর**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অভিযোগ নং ------------------------------------------------------------------------।

১। অভিযোগকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) ঃ ..........................................

২। অভিযোগ দাখিলের তারিখ ঃ ..........................................

৩। যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে তার নাম ও ঠিকানা ঃ ..........................................

৪। অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাবে) ঃ ..........................................

৫। সংক্ষুব্দতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সে ক্ষেত্রে উহার কপি সংযুক্ত করতে হবে) ঃ ..........................................

৬। প্রার্থিত প্রতিকার ও উহার যৌক্তিকতা ঃ ..........................................

৭। অভিযোগ উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রের বর্ণনা (কপি সংযুক্ত করতে হবে) ঃ ..........................................

### সত্যপাঠ
আমি/আমরা এ মর্মে হলফপূর্বক ঘোষণা করতেছি যে, এ অভিযোগে বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

**(সত্যপাঠকারীর স্বাক্ষর)**

E:\ADMIN-1\Information_Right_Law_2009\Information_Nitimala_2019 (Final).doc

## ফরম 'ঘ'
## [বিধি ৮ দ্রষ্টব্য]

## তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্ন টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হবে, যথাঃ-

**টেবিল**

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২(দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে;<br><br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য। |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |

কমিশনের আদেশক্রমে